# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ হাবিবা মায়ের সাথে শিশু পার্কে বেড়াতে যায়। সেখানে তার মায়ের বান্ধবীদের সাথে দেখা হলে তাহমিনা তাকে সালাম দেয় এবং বাসায় বেড়াতে আসতে বলে। এতে তিনি মুগ্ধ হন, কারণ তার ছেলেমেয়েরা এভাবে কাউকে সালাম দেয় না। এতে তিনি উপলব্ধি করেন তার ছেলেমেয়েদেরকেও অবসর সময়ে বিভিন্ন জায়গায় বেড়াতে নিয়ে যাওয়া এবং শিষ্টাচার শিক্ষা দেওয়া উচিত।

ক. বিভিন্ন ধরনের মৌলিক চাহিদা পূরণ পরিবারের কোন ধরনের কাজ? ১

খ. পরিবারের বিনোদনমূলক কাজ সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকের পরিবারের কোন কাজগুলোর ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে করো উদ্দীপকে বর্ণিত কাজগুলো ছাড়াও পরিবারের আরও কাজ রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ সুমন সাহেব একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা। তিনি রাষ্ট্রের সমস্যাগুলো সমাধানের জন্য গুরুত্ব দিয়ে কাজ করেন। সুমন সাহেবের নিকট থেকে সুবিধা আদায়ের জন্য জনাব রফিক বড় অঙ্কের টাকা ঘুষ দিতে চাইলে সুমন সাহেব তা প্রত্যাখ্যান করেন।

ক. আইনগত অধিকার কত প্রকার? ১

খ. বুদ্ধিমান নাগরিককে রাষ্ট্রের শ্রেষ্ঠ সম্পদ বলা হয় কেন? ২

গ. সুমন সাহেবের কাজটির মাধ্যমে সুনাগরিকের কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রফিক সাহেবের কাজটি সুনাগরিকতার প্রতিবন্ধক'– মূল্যায়ন করো। ৪

**৩.** ▶ জনাব রিফাত একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। জনাব রিফাত তার প্রতিষ্ঠানের অন্য তিনজন পরিচালকের মতামতের ওপর গুরুত্ব দেন। সাধারণ সভায় তার কাজের জন্যে তিনি সবার নিকট জবাবদিহি করেন। জনাব কায়ছার অন্য একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তার আচরণ সম্পূর্ণ বিপরীতধর্মী।

ক. সরকার কী? ১

খ. উপজেলা পরিষদের গঠন কাঠামো ব্যাখ্যা করো। ২

Teachingbd.com

গ. জনাব রিফাতের আচরণ কোন ধরনের সরকার ব্যবস্থাকে সমর্থন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রিফাতের তুলনায় জনাব কায়ছারের আচরণ সম্পূর্ণ বিপরীতধর্মী– ব্যাখ্যা কর। ৪

**৪.** ▶ মুহিতের ভাইকে স্কুলে ভর্তি করার সময় তার বাবা জন্ম নিবন্ধন সনদও জমা দেন। মুহিত এ সনদের নিচে স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সচিবের স্বাক্ষর দেখতে পায়। মুহিত উপলব্ধি করে স্থানীয় জনগণের সেবা ও স্বার্থ সংরক্ষণে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

ক. বাংলাদেশে বর্তমানে কতটি উপজেলা রয়েছে? ১

খ. উপজেলা পরিষদের গঠন কাঠামো ব্যাখ্যা করো। ২

গ. মুহিতের উল্লিখিত প্রশাসনিক স্তরটির প্রতিনিধিগণ জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন– বর্ণনা কর। ৩

ঘ. 'উক্ত স্তরটিকে স্থানীয় সরকারের সবচেয়ে কার্যকর ইউনিট বলা হয়'– তুমি এ বক্তব্যের সাথে একমত? বিশ্লেষণ করো। ৪

**৫.** ▶ মনির হোসেন একটি সংগঠনের সদস্য। তার সংগঠন বিভিন্নভাবে সরকারের সমালোচনা করে, বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করে। সংগঠনটির উদ্দেশ্য সরকারের ভুল-ত্রুটি জনগণের সামনে তুলে ধরা এবং আগামী নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠন করা।

Teachingbd.com

ক. রাজনৈতিক দল কী? ১

খ. চাপসৃষ্টিকারী গোষ্ঠী বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপক অনুসারে মনির হোসেনের সংগঠনটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মনির হোসেনের সংগঠনটি কীভাবে জনগণের অধিকার নিশ্চিত করতে পারে? মতামত দাও। ৪

**৬.** ▶ ৪ নভেম্বর, 'সংবিধান দিবস' উপলক্ষে এক গোল টেবিল আলোচনায় বক্তারা বলেন, 'বাহাত্তরের সংবিধান পৃথিবীর সংবিধানের জগতে এক উন্নত ও আদর্শ মডেল। এ সংবিধানে রাষ্ট্রের কার্যাবলি সুস্পষ্টভাবে সন্নিবেশিত হয়েছিল। যা জনমতের প্রতিফলন ঘটিয়ে একটি উন্নত দেশ গঠনে সহায়ক ভূমিকা পালন করতে পারে।'

ক. কোন সংশোধানীতে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত হয়? ১

খ. বাংলাদেশে সংসদীয় সরকারব্যবস্থা বিদ্যমান– ব্যাখ্যা করো। ২

http://teachingbd.com

গ. উদ্দীপক উল্লিখিত সংবিধান কোন ধরনের সংবিধানের সাথে সাদৃশ্যপূর্ণ? এ সংবিধানের প্রধান বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংবিধানটি একটি উত্তম সংবিধান– তুমি কি এ বক্তব্যকে সমর্থন করো? উত্তরের সপক্ষে যুক্তি তুলে ধরো। ৪

**৭.** ▶ তপু একজন শিক্ষিত বেকার। তার পিতার আর্থিক অবস্থাও ভালো না। কর্ম না পেয়ে সে হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। আস্তে আস্তে সে সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে পড়ে। একদিন পুলিশের হাতে ধরা পড়ে এবং বিচারে তার ৩ বছরের জেল হয়।


ক. জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশ পৃথিবীর কততম দেশ? ১

খ. খাদ্য নিরাপত্তা অর্জনে ৩টি সরকারি কর্মসূচির উল্লেখ করো। ২

গ. কী কী কারণে তপু সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. গণসচেতনতা বৃদ্ধিই সন্ত্রাস কর্মকাণ্ড প্রতিরোধের একমাত্র উপায় তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.** ▶




ক. মন্ত্রীর প্রধান কাজ কোনটি? ১

খ. জাতীয় সংসদ কীভাবে শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে? ২

গ. ছকের সর্বোচ্চ আদালত কোনটিকে বুঝানো হয়েছে? এর কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকের ? চিহ্নিত স্থানের আদালত ফৌজদারি ও দেওয়ানি মামলা পরিচালনা করে– বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ স্বাধীনতা লাভের অব্যহিত পরে ১৯৭২ সালে ২৮ শে এপ্রিল বাংলাদেশ একটি সংস্থার সদস্য পদ লাভ করে। এ সংস্থাটির সদস্য সংখ্যা ৫৩। খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ক্ষেত্রে এ সংস্থার অবদান রয়েছে।

ক. সার্কের প্রধান লক্ষ্য কয়টি? ১

খ. আন্তর্জাতিক আদালতের কাজ সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে কোন সংস্থার কথা বলা হয়েছে? উক্ত সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার উদ্দেশ্যের সাথে সার্কের উদ্দেশ্যের তুলনামূলক আলোচনা কর। ৪

Teachingbd.com

## পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৪ ০

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পৌরনীতি কোন বিষয়ক বিজ্ঞান?**
ক সামাজিক বিষয়ক বিজ্ঞান
খ অর্থনৈতিক বিষয়ক বিজ্ঞান
গ নাগরিকতা বিষয়ক বিজ্ঞান
ঘ রাজনৈতিক বিষয়ক বিজ্ঞান

**২. বাংলাদেশে কোন সরকার ব্যবস্থা বিদ্যমান?**
ক রাষ্ট্রপতি শাসিত সরকার
খ সংসদীয় সরকার
গ সমাজতান্ত্রিক সরকার ঘ একনায়কতান্ত্রিক

**৩. রাষ্ট্রের স্থায়ী বাসিন্দাদের কি বলা হয়?**
ক নাগরিক খ নাগরিকতা
গ প্রজা ঘ বিদেশি

**৪. সুনাগরিক হওয়ার জন্য কোনটি প্রয়োজন?**
ক উচ্চ শিক্ষিত হওয়া
খ কর্তব্য সচেতন হওয়া
গ আত্মসংযমী হওয়া
ঘ অধিকার সচেতন হওয়া

**৫. কোনটি ছাড়া সমাজে সাম্য প্রতিষ্ঠা করা অসম্ভব?**
ক স্বাধীনতা খ ধন-সম্পত্তি
গ নৈতিক জ্ঞান ঘ আইন

**৬. জীবন ধারণের জন্য প্রয়োজনীয় আর্থিক সুবিধা পাওয়ার অধিকারকে কী বলা হয়?**
ক সামাজিক স্বাধীনতা খ ব্যক্তিগত স্বাধীনতা
গ অর্থনৈতিক স্বাধীনতা ঘ মৌলিক স্বাধীনতা

**৭. সাম্য ও স্বাধীনতার ক্ষেত্রে প্রযোজ্য—**
i. সাম্য উঁচু নিচু ভেদাভেদ দূর করে
ii. শিক্ষিতদের মর্যাদা
iii. স্বাধীনতা সকলের সুযোগ সুবিধাগুলো ভোগ করার অধিকার দান করে

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ i, ii ও iii ঘ ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
সিরাজুল, আতিকুর, মোমেন তিন বন্ধু। তারা ভিন্ন ভিন্ন রাজনৈতিক দলের সমর্থক। সিরাজুল সমর্থিত দল দেশের সবচেয়ে পুরাতন ও বৃহত্তম দল। আতিকুর সমর্থিত দলের মূলনীতির মধ্যে মুক্তবাজার অর্থনীতির কথা বলা হয়েছে ও মোমেনের সম্পর্কিতদল সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী।

**৮. সিরাজুল সমর্থিত দলের নাম কি?**
ক আওয়ামী লীগ খ বি এন পি
গ জাতীয় পার্টি ঘ জাসদ

**৯. মোমেনের সমর্থিত দলটি হলো—**
i. জাতীয় পার্টি
ii. জাতীয় সমাজতান্ত্রিক দল
iii. জাসদ

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. বর্তমান বিশ্বের অধিকাংশ রাষ্ট্র কোন ধরনের?**
ক সমাজতান্ত্রিক খ পুঁজিবাদী
গ যুক্তরাষ্ট্রীয় ঘ একনায়কতান্ত্রিক

**১১. কোন দেশে এককেন্দ্রিক সরকার প্রচলিত নেই?**
ক বাংলাদেশ খ যুক্তরাজ্য
গ ফ্রান্স ঘ কানাডা

**১২. সমাজতান্ত্রিক রাষ্ট্র বলতে বুঝায়?**
i. যা ব্যক্তিমালিকানা স্বীকার করে না
ii. এতে উৎপাদনের উপকরণগুলো রাষ্ট্রীয় মালিকানায় থাকে
iii. রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে উৎপাদন ও বণ্টনের ব্যবস্থা নেওয়া হয়

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. সংবিধান হলো রাষ্ট্রের—**
ক দর্পণ খ সরকার
গ শাসন পদ্ধতি ঘ পরীক্ষণ পদ্ধতি

**১৪. কোন ধরনের সংবিধানে বিপ্লবের সম্ভাবনা থাকে?**
ক লিখিত খ অলিখিত
গ সুপরিবর্তনীয় ঘ দুষ্পরিবর্তনীয়

**১৫. সংসদীয় সরকারব্যবস্থায় মন্ত্রিপরিষদ কার নিকট দায়ী থাকে?**
ক রাষ্ট্রপতির নিকট খ প্রধানমন্ত্রীর নিকট
গ আইনসভার নিকট ঘ বিচার বিভাগের নিকট

**১৬. প্রধানমন্ত্রী মেয়াদকাল কত বছর**
ক ৪ বছর খ ৫ বছর গ ৬ বছর ঘ ৭ বছর

**১৭. কী ছাড়া গণতান্ত্রিক সরকার গঠন করা সম্ভব নয়?**
ক নির্বাচন খ রাজনৈতিক দল
গ সমাজ ঘ চাপ সৃষ্টিকারী দল

**১৮. বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তার দলের নেতা। এ নেতা তৈরির কাজটি করে—**
ক রাজনৈতিক দল খ চাপ সৃষ্টিকারী দল
গ জনগণ ঘ ক এবং গ

**১৯. নির্বাচন পরিচালনা করে কোন সংস্থা?**
ক নির্বাচন সচিবালয় খ রাজনৈতিক দল
গ নির্বাচন কমিশন ঘ নির্বাচকমন্ডলী সংস্থা

Teachingbd.com

http://teachingbd.com


২০. **পরোক্ষ নির্বাচনে—**

i. আবেগ উত্তেজনা কম থাকে না
ii. রাজনৈতিক দলের বাড়াবাড়ি থাকে না
iii. গণসংযোগ ঘটে না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i, ii ও iii

**নিচের দৃশ্যকল্প থেকে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**




২১. **উদ্দীপকে খালিঘরের জন্য নিচের কোনটি সাদৃশ্যপূর্ণ?**

ⓚ জাতিসংঘ ⓚ বাংলাদেশ
ⓖ জাতিসংঘ ও বাংলাদেশ
ⓖ পৃথিবী

২২. **উক্ত মিশনে বাংলাদেশের অবস্থান দৃঢ় হওয়ার যথার্থ কারণ—**

i. শান্তি প্রতিষ্ঠায় অকুতোভয়
ii. দেশের মধ্যে সমঝোতা স্থাপন
iii. নতুন দেশ গঠন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ i, ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. **স্থানীয় পর্যায়ে উন্নয়নের চাবিকাটি কোনটি?**

ⓚ স্থানীয় সরকার ⓚ সমবায় সমিতি
ⓖ চেয়ারম্যান ⓖ উপজেলা পরিষদ

২৪. **পার্বত্য জেলা পরিষদে সর্বমোট কত জন সদস্য?**

ⓚ ৩০ জন ⓚ ৩৪ জন ⓖ ৩৫ জন ⓖ ২১ জন

২৫. **বাংলাদেশের নাগরিকেরা কোন সমস্যা দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হচ্ছে?**

ⓚ জনসংখ্যা ⓚ অর্থনৈতিক
ⓖ সামাজিক ⓖ রাজনৈতিক

২৬. **দরিদ্র জনগোষ্ঠী যে ক্যালরি গ্রহণ করে তার মধ্যে শস্য হতে কত শতাংশ ক্যালরি আসে?**

ⓚ ৬০ শতাংশ ⓚ ৭০ শতাংশ
ⓖ ৮০ শতাংশ ⓖ ৯০ শতাংশ

২৭. **জনসংখ্যা বৃদ্ধি না পেলে দেশের—**

i. অর্থনৈতিক উন্নয়ন ঘটবে
ii. সামাজিক উন্নয়ন ঘটবে
iii. শিক্ষার হার বৃদ্ধি পাবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৮. **১৯৭১ সালে স্বাধীন হওয়ার আগে আমরা কোন দেশের নাগরিক ছিলাম?**

ⓚ বাংলাদেশের ⓚ পাকিস্তানের
ⓖ ভারতের ⓖ মিয়ানমারের

২৯. **যুক্তফ্রন্ট কয় দফা বিশিস্ট কর্মসূচী গ্রহণ করে?**

ⓚ ২০ দফা ⓚ ২১ দফা
ⓖ ২২ দফা ⓖ ২৩ দফা

৩০. **বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা কত?**

ⓚ ১৯১ ⓚ ১৯২ ⓖ ১৯৩ ⓖ ১৯৪

৩১. **বাংলাদেশ এ পর্যন্ত কয়বার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদ লাভ করে।**

ⓚ একবার ⓚ দুবার ⓖ তিনবার ⓖ চারবার

৩২. **জন্ম লগ্ন থেকেই বাংলাদেশ জাতিসংঘের—**

i. নীতির প্রতি আস্থাশীল
ii. স্থায়ী সদস্য
iii. আদর্শের প্রতি আস্থাশীল

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. **তথ্য অধিকার আইন কত তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করে?**

ⓚ ৫ এপ্রিল, ২০০৯ ⓚ ৫ মে, ২০০৯
ⓖ ৫ জুলাই, ২০০৯ ⓖ ৫ আগস্ট, ২০০৯

৩৪. **এক রাষ্ট্রের সঙ্গে অন্য রাষ্ট্রের সম্পর্ক রক্ষার জন্য কোন আইন প্রণয়ন ও প্রয়োগ করা হয়?**

ⓚ সরকারি আইন ⓚ বেসরকারি আইন
ⓖ প্রশাসনিক আইন ⓖ আন্তর্জাতিক আইন

৩৫. **কোন রাষ্ট্রে একাধিক রাজনৈতিক দল থাকে?**

ⓚ সমাজতান্ত্রিক ⓚ গণতান্ত্রিক
ⓖ একনায়কতান্ত্রিক ⓖ এককেন্দ্রিক

৩৬. **সকল ধর্ম-বর্ণ, নারী-পুরুষ শ্রেণি— পেশা নির্বিশেষে সকলের স্বার্থে কাজ করে—**

ⓚ চাপসৃষ্টিকারী দল ⓚ নির্বাচকমন্ডলী
ⓖ রাজনৈতিক দল ⓖ সমাজ

৩৭. **প্রার্থী মনোয়ন করা কার কাজ?**

ⓚ সরকারের ⓚ রাজনৈতিক দলের
ⓖ নির্বাচকমন্ডলীর ⓖ নির্বাচন কমিশনের

৩৮. **স্থানীয় সরকার যে সরকারের অংশ—**

ⓚ তত্ত্বাধায়ক সরকার ⓚ কেন্দ্রীয় সরকার
ⓖ অন্তর্বর্তীকালীন সরকার
ⓖ দ্বৈত সরকার

৩৯. **ইউএনও উপজেলা পরিষদে কী হিসেবে দায়িত্ব পালন করে?**

ⓚ উপজেলা হিসেবে ⓚ প্রধান হিসেবে
ⓖ সচিব হিসেবে ⓖ তদারককারী হিসেবে

৪০. **সাধারণত কোন ধরনের পরিবারকে সুখী পরিবার বলা হয়?**

ⓚ ছোট পরিবারকে ⓚ বড় পরিবারকে
ⓖ যৌথ পরিবারকে ⓖ উপজাতি পরিবারকে

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | খ |
| | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | খ |
| | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক | | | | | | | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com